

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৯

আগরতলা, ৮ এপ্রিল, ২০২৪

রাজভবনে বিশ্ব স্বাস্থ্য দিবস উদযাপন



রাজভবনে গতকাল সন্ধ্যায় এক অনুষ্ঠানে বিশ্ব স্বাস্থ্য দিবস উদযাপন করা হয়। রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাগ্নু প্রদীপ জ্বালিয়ে এই অনুষ্ঠানের উদ্বোধন করেন। অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাগ্নু চিকিৎসকদের বিভিন্ন সেমিনার ও কর্মশালায় অংশগ্রহণ করে গবেষণাপত্র উপস্থাপন করে নিজেদের পেশাগত দক্ষতাকে বাড়ানোর পরামর্শ দেন। অনুষ্ঠানে রাজ্যপালের সচিব ইউ কে চাকমা, স্বাস্থ্য দপ্তরের সচিব কিরণ গিত্যেও বক্তব্য রাখেন। অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন স্বাস্থ্য দপ্তরের অতিরিক্ত সচিব ড. ব্রাহ্মীত কাউর, স্বাস্থ্য অধিকর্তা ডা. সঞ্জীব দেববর্মা, আগরতলা মেডিক্যাল কলেজের অধ্যাপক সিদ্ধা রেড্ডি, ডা. জয়ন্ত রেড্ডি ও অন্যান্য চিকিৎসকগণ।
